# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৫৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি একাকী সালাত আদায় করবে, তখন তিনি যত ইচ্ছা দীর্ঘ করতে পারবে

ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْءِ إِذَا صَلَّى وَحْدَهُ أَنْ يُطَوِّلَ مَا شَاءَ فِيهَا

আরবী

1757 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا صَلَّى أَحَدُكُمْ بِالنَّاسِ فَلْيُخَفِّفْ فَإِنَّ فِيهِمُ السَّقِيمَ وَالضَّعِيفَ وَالْكَبِيرَ وَإِذَا صَلَّى أحدكم لنفسه فَلْيُطَوِّلْ ما شاء)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1757 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (759)، و ((الإرواء)) (2/ 291/512)

বাংলা

১৭৫৭. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ মানুষদের নিয়ে সালাত আদায় করে, তখন সে যেন সালাত হালকা করে। কেননা তাদের মাঝে অসুস্থ, দুর্বল ও বয়োঃবৃদ্ধ লোক থাকে। আর যখন তোমাদের কেউ একাকী সালাত আদায় করবে, সে যত ইচ্ছা দীর্ঘ করতে পারে।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৮৪৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৩৪; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১৩২; মুসনাদ আহমাদ: ২/৪৮৬; সহীহ আল বুখারী: ৭০৩; আবূ দাঊদ: ৭৯৪; নাসাঈ: ২/৯৪; সুনান বাইহাকী: ৩/১৭; সহীহ মুসলিম: ৪৬৭; তিরমিযী: ২৩৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৭১২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90973

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন